# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৪২.২০২৩-১৩৮৩ তারিখ : ০৮/০৯/২০২৪ খ্রিঃ।

## পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম সেমিস্টারে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে অগ্রহী প্রার্থীদের নিকট হইতে **নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী** নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | বিভাগ/ইনস্টিটিউট | প্রোগ্রাম |
|---|---|---|
| ১। | সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ২। | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৩। | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৪। | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৫। | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৬। | ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| ৭। | রসায়ন বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৮। | গণিত বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৯। | পদার্থবিজ্ঞান বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ১০। | ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট | পিজিডি, এমএসসি ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট, মাস্টার্স ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট |
| ১১। | ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| ১২। | ইনস্টিটিউট অব এনার্জি ইঞ্জিনিয়ারিং | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |

**শর্তাবলী:-**

১। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রসপেক্টাসে পাওয়া যাইবে। প্রসপেক্টাস, ভর্তির যোগ্যতা যাচাই এর আবেদন ফরম এবং ভর্তির আবেদন ফরম (অন্যান্য সংশ্লিষ্ট ফরম) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.duet.ac.bd** -এ পাওয়া যাইবে।

২। Online Payment সংক্রান্ত তথ্যাবলী **pga.duetbd.org** পাওয়া যাইবে। Online Payment এর ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হইলে E-mail: pg.admission@duet.ac.bd-এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে।

৩। পূর্ণকালীন শিক্ষার্থীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিস্টেন্টশীপ প্রদান করা যাইতে পারে।

৪। দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রীধারীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর জন্য ফি বাবদ = ৩,০০০/- **(তিন হাজার মাত্র)** টাকা Online এর মাধ্যমে প্রদান করার পর নির্ধারিত আবেদন ফরম **কম্পিউটার-টাইপকৃত (হস্ত লিখিত আবেদন গ্রহণযোগ্য নয়)** পূরণপূর্বক ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিসে জমা প্রদান করিতে হইবে। আবেদন ফরমের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর মূল কপি অথবা ফটোকপি ও সিলেবাস/কারিকুলামের ওয়েব সাইট লিংক জমা প্রদান করিতে হইবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীরা নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ নিয়মে ভর্তির আবেদন করিতে পারিবে।

৫। ভর্তির নিমিত্তে আবেদন করার জন্য ফি বাবদ = ১,৫০০/- **(এক হাজার পাঁচশত মাত্র)** টাকা Online এর মাধ্যমে প্রদান করার পর নির্ধারিত ভর্তির আবেদন ফরম **কম্পিউটার-টাইপকৃত (হস্ত লিখিত আবেদন গ্রহণযোগ্য নয়)** পূরণপূর্বক **A4 Size** অফসেট কাগজে প্রিন্ট করিয়া **খামের উপর ভর্তিচ্ছুক প্রোগ্রামের নাম** উল্লেখপূর্বক সরাসরি বা ডাকযোগে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর জমা প্রদান করা যাইবে। আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কশীট ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৬। চাকরিরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদিত ডেপুটেশন/ছুটির আদেশ/NOC জমা প্রদান করিতে হইবে।

৭। **ভর্তি সংক্রান্ত সময়সূচী:-**

| | | |
|---|---|---|
| ক. | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর আবেদনপত্র জমাদানের শুরু ও শেষ তারিখ | ৩০/০৬/২০২৪ খ্রি: হইতে ১৯/০৯/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |
| খ. | ভর্তির নিমিত্তে আবেদন করার যোগ্যতা যাচাই এর ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের তারিখ | ১৬/১০/২০২৪ খ্রি: তারিখ |
| গ. | ভর্তির আবেদন ফরম জমাদানের শুরু ও শেষ তারিখ | ৩০/০৬/২০২৪ খ্রি: হইতে ২০/১০/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) |
| ঘ. | প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ | ২৪/১০/২০২৪ খ্রি: তারিখ |
| ঙ. | ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ | ২৯/১০/২০২৪ খ্রি: হইতে ৩১/১০/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত |
| চ. | ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সম্ভাব্য তারিখ | ০৩/১১/২০২৪ খ্রি: তারিখ |
| ছ. | ভর্তির সম্ভাব্য তারিখ | ১০/১১/২০২৪ খ্রি: হইতে ১৪/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত |
| জ. | কোর্স রেজিস্ট্রেশনের সম্ভাব্য তারিখ | ১৭/১১/২০২৪ খ্রি: হইতে ২৮/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত |
| ঝ. | ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ | ২৪/১১/২০২৪ খ্রি: তারিখ |

৮। শুধুমাত্র ডুয়েটের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের সমাপনী বর্ষের (৪র্থ বর্ষ ২য় সেমিস্টার) শিক্ষার্থীরা গ্রেডশিট দাখিলপূর্বক পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে আবেদন করিতে পারিবে।

৯। ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হইতে সংগ্রহ করিতে হইবে।

১০। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

০৮/০৯/২০২৪

(মোঃ মফিজুর রহমান)
অতিরিক্ত রেজিস্ট্রার
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ : ০৮/০৯/২০২৪ খ্রিঃ।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৪২.২০২৩-১৩৮৩

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**
**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। পিএস টু ভিসি [ডিন, এমই অনুষদ (একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/শাখা প্রধান।
৩। রেজিস্ট্রার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... বিশ্ববিদ্যালয় (সকল)।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৫। চেয়ারম্যান, আইসিটি সেল (Online এর মাধ্যমে Payment এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৬। নোটিশ বোর্ড (সকল);
৭। সংরক্ষণ নথি।

০৮/০৯/২৪

(মোঃ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী রেজিস্ট্রার
একাডেমিক শাখা।